

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৮৩.১৬.১৩১.১৭-৮৮২

০৮-০৮-১৪২৪ বঙ্গাব্দ
তারিখ :-----
২২-১১-২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ উপলক্ষে আনন্দ শোভাযাত্রার মাধ্যমে উদ্যোগন সংক্রান্ত ২১-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে এ মন্ত্রণালয়ে গত ২১-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ছায়ালিপি (সংলগ্নীসহ) এসাথে প্রেরণ করা হলো। উক্ত সভার সিদ্ধান্ত গ এবং ঘ মোতাবেক আগামী ২৫-১১-২০১৭ তারিখ বেলা ০২.০০ ঘটিকায় অনুষ্ঠেয় আনন্দ শোভাযাত্রায় বিভিন্ন ফেডারেশনের স্বনামধন্য খেলোয়াড়/সংগঠকবৃন্দ, স্বাধীন বাংলা ফুটবল টিম এবং জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্ত খেলোয়াড়/সংগঠকবৃন্দের অংশগ্রহণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০২ (দুই) পাতা।



(মোঃ ওমর ফারুক, এনডিসি)

যুগ্ম সচিব

ফোন : ৯৫৭৫৫৪৩

সচিব


জাতীয় ক্রীড়া পরিষদ
এনএসসি টাওয়ার, ৬২/৩
পুরানা পট্টন, ঢাকা।

নং-৩৪.০০.০০০০.০৮৩.১৬.১৩১.১৭-৮৮২

তারিখ : ২২-১১-২০১৭ খ্রিষ্টাব্দ

অনুলিপি :

- ১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সহকারী প্রেসচামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড এ প্রেরণের অনুরোধসহ)।



(মোঃ ওমর ফারুক, এনডিসি)

যুগ্ম সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
 প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ উপলক্ষে আনন্দ শোভাযাত্রার মাধ্যমে উদযাপন সংক্রান্ত

২১-১১-২০১৭ তারিখে সভার কার্যবিবরণী

সভাপতি :	মোঃ ওমর ফারুক, এনডিসি যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ :	২১ নভেম্বর, ২০১৭
সময় :	বেলা- ১১.০০ টা
ছান :	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

২১-১১-২০১৭ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব জনাব মোঃ ওমর ফারুক, এনডিসি এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন :

ক্রঃ নং	নাম ও পদবী
১	ডাঃ মোঃ আমিনুল ইসলাম পরিচালক ক্রীড়া পরিদপ্তর
২	জনাব এ.বি.এম, রক্তুল আজাদ পরিচালক(প্রশাসন ও অর্থ) বিকেএসপি
৩	জনাব দীল মোহাম্মদ পরিচালক(ক্রীড়া) জাতীয় ক্রীড়া পরিষদ
৪	জনাব আসিফুল হাসান সাধারণ সম্পাদক বাংলাদেশ রোলার ক্ষেত্ৰি

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ক্রীড়া পরিদপ্তরের পরিচালক ডাঃ মোঃ আমিনুল ইসলাম বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ উপলক্ষে আগামী ২৫-১১-২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সার্বিক তত্ত্বাবধানে এক র্যালির আয়োজন করা হয়েছে। উক্ত র্যালিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের পক্ষ থেকে আনন্দ শোভাযাত্রাটি সুস্থ এবং সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে ক্রীড়া পরিদপ্তরের অধীনস্থ সরকারি শারীরিক শিক্ষা কলেজ হতে র্যালিতে অংশগ্রহণ করবে। বিকেএসপির পরিচালক জনাব এ.বি.এম, রক্তুল আজাদ সভায় অবহিত করেন যে, ২৫-১১-২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সার্বিক তত্ত্বাবধানে যে র্যালির আয়োজন করা হয়েছে সেই র্যালি ভালভাবে উদযাপন করার জন্য বিকেএসপির ক্রীড়া প্রশিক্ষণার্থী র্যালিতে অংশগ্রহণ করবে মর্মে সভায় অবহিত করেন। জাতীয় ক্রীড়া পরিষদের নিয়ন্ত্রণাধীন জাতীয় পরিচালক জনাব দীল মোহাম্মদ সভায় অবহিত করেন যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন জাতীয় ক্রীড়া পরিষদের নিয়ন্ত্রণাধীন জাতীয় পুরস্কারপ্রাপ্ত খেলোয়াড়/সংগঠকবৃন্দ অংশগ্রহণ করবে। এছাড়া সভায় বাংলাদেশ রোলার ক্ষেত্ৰি এর সাধারণ সম্পাদক সভায় অবহিত করেন যে, উক্ত র্যালিটি সুন্দর ও সাফল্যমন্তিত করার জন্য ফেডারেশনের পক্ষ থেকে সার্বিক দায়িত্ব ছাড়া ফেডারেশনের খেলোয়াড় র্যালিতে অংশগ্রহণ করবে।

সভায় উপস্থিত কর্মকর্তাদের বক্তব্য শুনার পর বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ উপলক্ষে আগামী ২৫-১১-২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সার্বিক তত্ত্বাবধানে এক র্যালিতে আয়োজন করা হয়েছে। সেই আনন্দ শোভাযাত্রাটি সুষ্ঠু এবং সুন্দরভাবে সম্পন্ন করার জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের পক্ষ হতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়াধীন দণ্ডর/সংস্থার যে সমস্ত দায়িত্ব প্রদান করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার পরামর্শ দেন।
সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

- (ক) ক্রীড়া পরিদণ্ডের অধীনস্থ সরকারি শারীরিক শিক্ষা কলেজ হতে পর্যাপ্ত সংখ্যক ছাত্র/ছাত্রীগণ র্যালিতে অংশগ্রহণ করবে;
- (খ) বিকেএসপির পর্যাপ্ত সংখ্যক ক্রীড়া প্রশিক্ষণার্থীগণ র্যালিতে অংশগ্রহণ করবে;
- (গ) জাতীয় ক্রীড়া পরিষদের পক্ষ হতে র্যালিতে বিভিন্ন ফেডারেশনের স্বনামধন্য খেলোয়াড়/সংগঠকবৃন্দ অংশগ্রহণ করবে;
- (ঘ) স্বাধীন বাংলা ফুটবল টিম এবং জাতীয় ক্রীড়া পুরস্কারপ্রাপ্ত খেলোয়াড়/সংগঠকগণ র্যালিতে অংশগ্রহণের নিমিত্ত জাতীয় ক্রীড়া পরিষদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- (ঙ) বাংলাদেশ রোলার স্ক্যাট্রিং ফেডারেশন থেকে কমপক্ষে ১০০ জন রোলার ক্ষেত্রিং র্যালিতে অংশগ্রহণ করবে।
- ২। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ ওমর ফরুক, এনডিসি)
যুগ্মসচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।